**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**19 OCTOBER 2024** **7:35 AM IST**

==========================================================================

ধলাই সহ আসামের পাঁচটি বিধানসভা আসনে অনুষ্ঠেয় উপ-নির্বাচনের জন্য আজ আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি করা হয়েছে । এই বিজ্ঞপ্তি জারির সঙ্গে সঙ্গে ঐ পাঁচটি বিধানসভা আসনে বিজেপি, কংগ্রেস, অসম গণ পরিষদ, এ আই ইউ ডি এফ, তৃণমূল কংগ্রেস, বিপিএফ, ইউ পি পি এল সহ বিভিন্ন রাজনৈতিক দলের মনোনয়ন পত্র দাখিলের প্রক্রিয়া শুরু হয়ে গেছে । উল্লেখ্য- বরাক উপত্যকার ধলাই সহ সিডলি, বঙাইগাঁও, বিহালী এবং সামুগুড়িতে শূন্য হওয়া পাঁচটি বিধানসভা আসনের জন্য আগামী ১৩ই নভেম্বর উপ-নির্বাচন অনুষ্ঠিত হবে । উল্লেখ্য- এই পাঁচটি বিধানসভা আসনে ন’লক্ষ দশ হাজার ভোটদাতা তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন । ঐ পাঁচটি বিধানসভা কেন্দ্রে মোট এক হাজার ৭৮ টি ভোটকেন্দ্র স্থাপন করা হবে । নির্বাচনী এলাকা পুর্ননির্ধারণের পূর্বে থাকা অঞ্চলগুলি নিয়েই এই নির্বাচন অনুষ্ঠিত হবে ।

এদিকে এই উপ-নির্বাচনের পরিপ্রেক্ষিতে বিভিন্ন রাজনৈতিক দল তাদের প্রস্তুতি আরম্ভ করে দিয়েছে । আজ কংগ্রেস নেতৃত্বাধীন সংযুক্ত বিরোধী মোর্চার এক বৈঠক অনুষ্ঠিত হয়েছে । বৈঠকে কংগ্রেসের তত্ত্বাবধায়ক ডঃ জীতেন্দ্র সিঙের উপস্থিতিতে কংগ্রেস দলের নেতাদের পাশাপাশি বিরোধী

মোর্চার নেতারাও আসন্ন উপ-নির্বাচনের জন্য প্রার্থীত্বের ভাগ-বাটোয়ারা সম্পর্কে আলোচনা করেছেন ।

---

ধলাই তপশিলী সংরক্ষিত বিধানসভা কেন্দ্রের নির্বাচনী আধিকারীক এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে ধলাই বিধানসভা আসনে একজন প্রার্থী নিজে বা কোন প্রস্তাবকের ম্যধ্যমে মনোনয়ন পত্র  নির্বাচন আধিকারীক ডক্টর ধ্রুব জ্যোতি হাজারিকা এবং সহকারী নির্বাচন আধিকারীক বহ্নিকা চেতিয়ার কাছে শিলচরে জেলা আয়ুক্তের কার্য্যলয়ে আগামী ২৫শে অক্টোবরের মধ্যে সকাল ১১টা থেকে বিকেল তিনটে পর্য্যন্ত জমা দিতে পারবেন। উল্লেখ্য ধলাই তপশিলি সংরক্ষিত বিধানসভা আসনে আগামী ১৩ই নভেম্বর সকাল ৭টা থেকে বিকেল পাঁচটা পর্য্যন্ত ভোট গ্রহন করা হবে ।

---

কাছাড় জেলার ধলাই তপশিলি সংরক্ষিত বিধানসভার উপ-নির্বাচনের ভোট কেন্দ্রগুলি চারটি জোনে ভাগ করে মোট ১৭ জন আধিকারিক নিয়োগ করা হয়েছে । এছাড়া ধলাই উপ-নির্বাচন অবাধ-সুষ্ঠ ও শান্তিপূর্নভাবে সম্পন্ন করতে শ্যাডো পর্যবেক্ষন রেজিষ্টার এবং ব্যয় সংক্রান্ত হিসেব রাখার জন্য তিনজন একাউন্টস আধিকারীক এবং ভিডিও সারভিলেন্স দলের পাঁচ জন আধিকারীককে নিয়োজিত করা হয়েছে ।

---

কাছাড়ের জেলা আয়ুক্ত তথা জেলা নির্বাচনী আধিকারিক  মৃদুল যাদব ধলাই বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনের পরিপ্রেক্ষিতে জেলার সব

কার্যালয়ের প্রধানদের বন্ধের দিন ও কার্যালয় খোলা রাখতে বলেছেন । নির্বাচন সুষ্ঠুভাবে পরিচালনা সংক্রান্ত প্রয়োজনীয় চিঠিপত্র গ্রহণ বা প্রেরণের সুবিধার জন্য জেলা আয়ুক্ত এই নির্দেশ দিয়েছেন ।

---

রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী তথা করিমগঞ্জ জেলার অভিভাবক মন্ত্রী রঞ্জিত কুমার দাস দুদিনের সফরে আগামীকাল করিমগঞ্জ আসছেন । আগামীকাল বিকেল সাড়ে তিনটেয় তিনি করিমগঞ্জে পৌঁছে বিকেল ৪ টায় জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে বিভাগীয় প্রধানদের সঙ্গে পর্যালোচনা বৈঠকে মিলিত হবেন ।পরদিন অর্থাৎ আগামী রবিবার সকাল ১১ টায় অনুকুল সাগর পারে রথীন্দ্র ভট্টাচার্যের মূর্তী উন্মোচন করবেন ।এরপর বেলা আড়াইটায় তিনি জেলা বিজেপি কার্যালয়ে দলীয় কর্মকর্তাদের সঙ্গে এক বৈঠকে মিলিত হবেন ।আগামী সোমবার তাঁর ধলাই আসার কথা রয়েছে ।

---

মুখ্যমন্ত্রীর আত্মনির্ভর আসাম অভিযানের দ্বিতীয় পর্যায়ের আজ সূচনা করা হয়েছে । দিসপুরের লোকসেবা ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে নির্বাচিত উদ্যমীদের দুই লক্ষ থেকে পাঁচ লক্ষ পর্যন্ত টাকা প্রদান করা হয় । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা এই অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসেবে অংশগ্রহণ করেন । এছাড়া রাজ্যের শিল্প ও বাণিজ্যমন্ত্রী বিমল বরা এতে উপস্থিত থাকেন । এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী রাজ্যের যুব উদ্যমীগণ এই অনুদানের সহায়তায় আসামের পরিকাঠামোগত উন্নয়নের জন্য কেবল চাকুরিমুখী না হয়ে বাণিজ্য এবং উদ্যোগের জগতে আদর্শ সৃষ্টি করবে বলে আশা প্রকাশ করেছেন ।

সুপ্রিম কোর্ট আজ এক রায়ে জানায় যে বাল্য বিবাহ নিষেধাজ্ঞা আইন ব্যক্তিগত আইনের দ্বারা স্তব্ধ করা যাবেনা ।মুখ্য বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় , বিচারপতি জে বি পার্ডিয়ালা এবং মনোজ মিশ্র দেশে বাল্য বিবাহ প্রতিরোধ আইনটি ফলপ্রসু রূপায়নের জন্য নির্দেশ জারি করেছেন ।রায় ঘোষণার সময় মুখ্য বিচারপতি শ্রী চন্দ্রচূড় বলেন যে বাল্য বিবাহ প্রতিরোধ এবং নাবালক সুরক্ষার ক্ষেত্রে গুরুত্ব আরোপ করা উচিত এবং সেইসঙ্গে অপরাধীদের উচিত শাস্তি প্রদান করাও জরুরী বলে তিনি মত প্রকাশ করেন ।উল্লেখ্য বাল্য বিবাহ প্রতিরোধ তথা সমাজ থেকে নির্মূল করার জন্য বাল্য বিবাহ নিষেধাজ্ঞা আইন ২০০৬ সালে প্রণয়ন করা হয়েছিল ।

---

অল আসাম ইলেকট্রিসিটি কনজুমার্স এসোসিয়েশনের কাছাড় জেলা কমিটির উদ্যোগে গত বুধবার ধলাই ও ভাগা বাজারে প্রিপেইড স্মার্ট মিটার প্রতিস্থাপনের বিরুদ্ধে সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে । সভায় স্মার্ট মিটার প্রতিস্থাপনের বিরুদ্ধে গৌর চন্দ্র দাস , অঞ্জন কুমার চন্দ ,চাম্পালাল দাস প্রমূখ বক্তব্য রাখেন ।

করিমগঞ্জ জেলার খাদ্য ,গণবন্টন ও গ্রাহক  বিভাগ থেকে এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে জেলায় চলতি অক্টোবর ,নভেম্বর ও ডিসেম্বর মাসের খাদ্য সুরক্ষা যোজনার কেরোসিন বরাদ্দ করা হয়েছে । এই কেরোসিন প্রতি মাসে কার্ড পিছু এক লিটার ৫০০ মিলি লিটার করে জেলার শহর ও গ্রামাঞ্চলে খাদ্য সুরক্ষা যোজনার কার্ডধারীদের মধ্যে বন্টন করতে নির্দেশ দেওয়া হয়েছে ।